

বায়োটেক ফসলের বর্তমান অবস্থা

ISAAA এর "ফসল জৈব প্রযুক্তির বিশ্ব জ্ঞান কেন্দ্র" কর্তৃক রচিত উন্নয়নশীল দেশের কৃষি-জৈব প্রযুক্তি উদ্ভাবনের বিশ্ব পরিস্থিতির সারাংশ।

এপ্রিল ২১, ২০০৬

এ সংখ্যার শিরোনাম

খবর	বিশ্ব	আফ্রিকা	আমেরিকা	এশিয়া	ইউরোপ	
	- মতামত: আমাদের কি এখনো কার্টাগেনা প্রোটোকল দরকার? - বায়ো কনফারেন্স এ সাবেক প্রেসিডেন্টের বক্তৃতা	- জৈবনিরাপত্তা বিলকে সহযোগিতা করার জন্য কেনিয়া এমপিদের প্রতিজ্ঞা	- ব্রাজিলে নতুন ন্যানোবায়োটেকনোলজিক্যাল গবেষণা কেন্দ্র চালু	- মালয়েশিয়ার জন্য বায়ো ২০০৬ কার্য সম্পাদন	- স্পেনিশ বিজ্ঞানীদের মতে সহ-অবস্থান সম্ভব - EU জিএম ফ্রেমওয়ার্ক উন্নয়নের জন্য EC এর প্রস্তাব	- বায়ো ২০০৬: বায়োটেক অভিজ্ঞতায় কৃষকদের একে অপরের সহিত অংশগ্রহণ - আফ্রিকা ভূটা ট্রেস প্রকল্প পুনর্বিবেচনা - কৃষিখাতের প্রেক্ষাপটে মালিকান ফোরাম সম্পন্ন - মালয়েশিয়ায় বায়োটেক অর্থের বিনিয়োগ
গবেষণা	- উন্নয়নশীল দেশে কৃষি জৈবপ্রযুক্তি গ্রহণ	- পূর্ব আফ্রিকাতে জৈব নিরাপত্তা নিয়ন্ত্রণ পদ্ধতি অধীত				
বিজ্ঞপ্তি	- বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির জন্য প্রকল্প আহ্বান - অনলাইনে NCBP ওয়েবসাইট চালু	- ইকুয়েডোরের জন্য জৈবপ্রযুক্তি কর্মশালা				
স্মারক বস্তুর দলিল	- MABIC সংবাদবাহী পত্র বের করেছে - IFPRI কর্তৃক গবেষণার সর্ক্ষিপ্ত বিবরণী প্রকাশ	- জার্নালে বিশেষ জিএম ইস্যু				

খবর

বিশ্ব

মতামত: আমাদের কি এখনো কার্টাগেনা প্রোটোকল দরকার?

সম্প্রতি SciDev.Net এ প্রকাশিত “Arnolda Ventura” শিরোনামে বলা হয় জৈবনিরাপত্তার উপর কার্টাগেনা প্রোটোকলকে চুক্তির পূর্বে আলোচনা ও বাস্তবায়নের জন্য যে সম্পদ ব্যয় হয় তা উন্নয়নশীল দেশের জন্য সরাসরি উপকারে আসবে। যেমন বিজ্ঞানের অগ্রগতি, উন্নয়নের জন্য জাতীয় কৌলিতাত্ত্বিক সম্পদ সংরক্ষণ। সহজ স্থানান্তর ও জিএমওএর ব্যবহার নিয়ন্ত্রণের জন্য ২০০০ সালে জাতিসংঘ কর্তৃক কার্টাগেনা প্রোটোকল প্রতিষ্ঠিত করা হয়। উদ্ভিদ জৈববৈচিত্র্যকে সংরক্ষণ করাই ছিল এর মূললক্ষ্য। কার্টাগেনা প্রোটোকল প্রতিষ্ঠিত হওয়ার পর এখন পর্যন্ত ২১টি দেশের প্রায় ৮.৫ মিলিয়ন কৃষক জিএম শস্য উৎপাদন করে। এখন পর্যন্ত পরিবেশ ও মানুষের স্বাস্থ্যের প্রতি জিএম শস্যের কোন প্রতিকূল প্রভাব পরিলক্ষিত হয়নি। তাছাড়া ৯০% জিএম শস্য চাষকারী কৃষক হল উন্নয়নশীল দেশের।

কার্টাগেনা প্রোটোকল দ্রুততার প্রাসঙ্গিকতা হারাচ্ছে। মিথ্যা, মুখবন্ধস্বরূপভিত্তিতে বলা হয় যে, তেজস্ক্রিয় পদার্থ বা বিষাক্ত রাসায়নিক দ্রব্য হিসেবে এটি ভয়ংকর। “Ventura” বলা হয় গবেষণা ও পরীক্ষার মাধ্যমে এ মতবাদ সম্পূর্ণভাবে মিথ্যা বলে প্রমাণিত হয়েছে। “Ventura” এ যুক্তি দেখানো হয় যে, জিএমওএর সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়া স্তরে স্তরে বিবেচনা করা দরকার এবং এটা কোন বিতর্কিত ফোরামে না করে এটা অবশ্যই লাইব্রেরী বা গবেষণা প্রতিষ্ঠানে করা দরকার। বিস্তারিত: <http://www.scidev.net/content/opinions/eng/do-we-still-need-the-cartagena-protocol.cfm>

বায়ো ২০০৬: বায়োটেক অভিজ্ঞতায় কৃষকদের একে অপরের সহিত অংশগ্রহণ

বিশ্বজুড়ে ১২টি দেশে ১৮ জন কৃষক তাদের বায়ো ২০০৬ এ বায়োটেক অভিজ্ঞতায় একে অপরের সহিত অংশগ্রহণ করে। তারা ফিলিপাইন, ভারত ও দক্ষিণ আফ্রিকাকে উপস্থাপন করে এবং বিশ্বজুড়ে এবং বিশ্বজুড়ে ৮.৫ মিলিয়ন কৃষকের জন্য বলেছিল যারা বায়োটেক শস্য চাষ করে। বায়ো ২০০৬ প্রদর্শনী হলে ১০০০ বর্গফুট ভূটা মাঠকে নির্মাণ করা হয়। যেখানে কৃষকেরা তাদের মতামত একে অপরের সহিত অংশগ্রহণ করে। বায়ো ২০০৬, USA-র শিকাগো শহরে অনুষ্ঠিত হয়। এত ১৬০০ কোম্পানী থেকে প্রায় ১৮,০০০ বিজ্ঞানী ও ব্যবসায়ী নেতৃবৃন্দ অংশগ্রহণ করে। বিস্তারিত: maha@bic.org.my or <http://www.bio.org>

বায়ো কনফারেন্স এ সাবেক প্রেসিডেন্টের বক্তৃতা

USA এর শিকাগোতে বায়ো ২০০৬ কনফারেন্সে বক্তৃতাদানকালে সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিলক্লিনটন বলেন, জৈবপ্রযুক্তির গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। আমাদেরক কাজের মাধ্যমে দারিদ্র জনগোষ্ঠীকে দারিদ্রতার কবল থেকে রক্ষা করতে হবে। এর মাধ্যমে ১৩০,০০০,০০০ ছেলে মেয়ে যারা ক্ষুধে মারা যাচ্ছে, তাদের ক্ষুধা নেওয়ার ব্যবস্থা করতে হবে। স্বাস্থ্য ব্যবস্থার নিম্নমুখী ব্যবস্থাকে উর্ধ্বমুখী এবং বহনীয় শক্তি ব্যবস্থা খুঁজে বের করতে হবে। তিনি বিশ্বের সকল স্বাধীন সমাজকে “সম্পদায়ের সমন্বিত সেট” হিসেবে কাজ করার জন্য আহ্বান জানান। কৃষি ও পরিবেশ উন্নয়নের ক্ষেত্রে এবং রোগ উপশমের ক্ষেত্রে তিনি জৈবপ্রযুক্তির ব্যবহারের কথা উল্লেখ করেন। তিনি বলেন জৈবপ্রযুক্তির ব্যবহারের কথা উল্লেখ করেন। তিনি বলেন জৈবপ্রযুক্তির মাধ্যমে যে সমস্ত শস্য উন্নয়ন করা হয় সে সমস্ত শস্য অল্প জমিতে বেশি ফলন দেয়। তিনি আরও বলেন, জৈবপ্রযুক্তি, জৈবজ্বালানী উন্নয়নের মাধ্যমে ভবিষ্যতে বিভিন্ন প্রকার শক্তি সরবরাহ করবে।

বিস্তারিত: maha@bic.org.my or <http://www.bio.org/events/2006/media/comments/clinton.asp>

আফ্রিকা

জৈবনিরাপত্তা বিলকে সহযোগিতা করার জন্য কেনিয়া এমপিদের প্রতিজ্ঞা

জৈবপ্রযুক্তি ও জৈবনিরাপত্তাকে দেশে বাস্তবায়ন করা এবং জৈবপ্রযুক্তির উন্নত বীজকে কৃষকদের কাছে পৌঁছে দেয়ার জন্য কেনিয়ার পার্লামেন্টে মন্ত্রীদের মধ্যে সিদ্ধান্ত হয়েছে। কেনিয়ার কেনিয়া কৃষি গবেষণা প্রতিষ্ঠান (KARI) এর Mwea ফাইবার গবেষণা স্টেশনে বিটি তুলার পরীক্ষনীয় মাঠ পর্যবেক্ষণ করার সময় তাদের মনোযোগ আকষ্ট হয়। বিটি তুলার পরীক্ষনের মূল লক্ষ্য ছিল তুলার ধ্বংসাত্মক পোকা আফ্রিকান বলওয়াম এর ক্ষেত্রে বিটি তুলার প্রতিরোধ ক্ষমতা যাচাই করা। যে সমস্ত বিধানবর্তা কৃষি, ভূমি ও প্রাকৃতিক সম্পদ এবং শিক্ষা গবেষণা, বিজ্ঞান ও প্রযুক্তি থেকে এসেছেন তাঁরা বলেন এ আইন দরকার। এর কারণ হিসেবে তারা ব্যাখ্যা করেন যে, জৈবপ্রযুক্তি ধীরগতি কৃষি খাতকে অনেক সামনে এগিয়ে নিতে পারে। কৃষি, ভূমি ও প্রাকৃতিক সম্পদ কমিটির চেয়ারম্যান Dr. Julius Arunga কেনিয়া কৃষি গবেষণা প্রতিষ্ঠান (KARI) কর্তৃক নতুন উচ্চ ফলনশীল ফসলের জাত চাষ করার জন্য স্বাগত জানিয়েছেন এবং দেশে বিটি তুলার চাষ করার জন্য কমিটির প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন বলে আশ্বাস দিয়েছেন। বিস্তারিত: [Email: dotunge@absf africa.org](mailto:dotunge@absf africa.org)

আফ্রিকা ভূট্টা ট্রেস প্রকল্প পুনর্বিবেচনা

আফ্রিকা ভূট্টা ট্রেস প্রকল্প খরা সহিষ্ণুতা, অল্প উর্বর জমিতে জন্মাতে সক্ষম। ট্রিগা আগাছা এবং বিভিন্ন প্রকার পোকা ও রোগের বিরুদ্ধে প্রতিরোধী ভূট্টার জাত উন্নয়ন করছে। সম্প্রতি Technical Protection (GT2) সদস্যের একটি প্যানেল এ প্রকল্পের সম্পূর্ণ পর্যবেক্ষণের পর একে “Flagship Project” বলে অভিহিত করেছেন। এ দলের নেতা Dr. Manfred Van Eckert প্রকল্প পর্যবেক্ষণের পর বলেন যে, এ প্রকল্পে আফ্রিকার একইরকম বহুমুখী প্রকল্পের জন্য মডেল হিসেবে ব্যবহার করা যেতে পারে। এগুলোর মধ্য হতে পারে, জাতীয় অংশীদারীদের সাথে কাজের ভাল সম্পর্ক এবং পূর্ব ও কেন্দ্রীয় আফ্রিকার গম ও ভূট্টার গবেষণা নেটওয়ার্ক আফ্রিকা ভূট্টা ট্রেস প্রকল্প Germany’s Federal Ministry for Economic Cooperation and Development (BMZ), International Fund for Agricultural Development (IFAD), Swedish International Development Cooperation Agency (SIDA) এবং Rockefeller Foundation দ্বারা সহযোগিতা পেয়ে থাকে। আর এ প্রকল্প National Agricultural Research Systems (NARS), NGOs এবং পূর্ব ও কেন্দ্রীয় আফ্রিকান দেশগুলোর ১০টি বর্জি কোম্পানীর সাথে কাজ করে। এ প্রকল্পের অন্যান্য অংশীদারগুলো হল International Maize and Wheat Improvement Institute (CIMMYT), International Institute of Tropical Agriculture (IITA) এবং জাতীয় গবেষণা কর্মসূচী। বিস্তারিত: [Email: a.diallo@cgiar.org](mailto:a.diallo@cgiar.org)

আমেরিকা

ব্রাজিলে নতুন ন্যানোবায়োটেকনোলজিক্যাল গবেষণা কেন্দ্র চালু

গ্রীষ্ম মন্ডলীয় কৃষিকে উন্নয়নের জন্য ব্রাজিলের কৃষি গবেষণা (EMBRAPA) নতুন কৃষি ন্যানোবায়োটেকনোলজি গবেষণা শুরু করেছে। এ গবেষণার সুবিধা Laboratório Nacional De Nanotecnologia Para o Agronegócio (LNNA) নামে ব্রাজিলের কৃষি মন্ত্রণালয় পশু সম্পদ ও খাদ্য সরবরাহের সাথে জড়িত হবে এবং প্রায় ১.৭ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। LNNA দ্বারা যেসমস্ত গবেষণা কর্ম করা হবে কৌলিতাত্ত্বিক বৈচিত্র্য ও কৌলিতাত্ত্বিক ব্যবহারের জন্য ন্যানোবায়োটেকনোলজি প্রয়োগকে ব্যবহারসহ বর্ণনা করা। যেমন পলিমার ও বিশেষ বৈশিষ্ট্য সম্পন্ন ন্যানো গোষ্ঠীকে বস্তু, প্রাকৃতিক বস্তু থেকে উদ্ভূত শক্তিশালী বস্তু উৎপাদনের জন্য ন্যানো কলা ও ফাইবার উন্নয়ন; কৃষিতে পুষ্টি ও কীটনাশকের নিয়ন্ত্রিত ব্যবহারের জন্য জৈব ও অজৈব ন্যানো বস্তু উৎপাদন। তাছাড়া LNNA বৈজ্ঞানিক সহযোগিতা করবে এবং জাতীয় প্রতিষ্ঠান ও ব্যক্তিগত খাতকে সহায়তা করবে। বিস্তারিত: <http://www.cnpdia.embrapa.br>

কৃষিখাতের প্রেক্ষাপটে ম্যাক্সিকান ফোরাম সম্পন্ন

কৃষি খাদ্য সংক্রান্ত ও মৎস খাতের প্রেক্ষাপটে ৬ষ্ঠ ফোরাম সম্প্রতি ম্যাক্সিকোর ম্যাক্সিকো সিটিতে সম্পন্ন হয়েছে। এর মূল লক্ষ্য হল বিশ্বায়নে খাদ্য বৃদ্ধির লক্ষ্যে পরবর্তী দশকের জন্য কৃষিনিীতি নিয়ে আলোচনা। বায়োটেক ভূট্টার উৎপাদন ও বাণিজ্যিকিকরন বিশ্ব কৃষি বাজার, জাতীয় কৃষি নিরাপত্তা ও ঋণ ব্যবস্থা নিয়ে আলোচনা। এ ফোরামের আয়োজক ছিল ম্যাক্সিকোর কৃষি, পশুসম্পদ ও গ্রামীণ উন্নয়ন সেক্রেটারী এবং Fishing Information and Statistics Service (SIAP) এতে বিভিন্ন পরামর্শদানকারী, কৃষি বিশেষজ্ঞ, গবেষক, বিজ্ঞানী, উৎপাদনকারী সমিতি এবং সরকারী কর্মচারীরা অংশগ্রহন করেন। এ ফোরামে SIAP এর মহাপরিচালক Juan Manuel Galarza Mercado বলেন যে, জনসংখ্যা ও জাতীয় গড় আয় বাড়ার সাথে সাথে খাদ্যের চাহিদাও তীব্রভাবে বেড়ে যাবে আর জৈবপ্রযুক্তির মাধ্যমে এ খাদ্যের নিরাপত্তা দেওয়া যেতে পারে। **বিস্তারিত** <http://www.sagarpa.gob.mx/cgcs/boletines2006/abril/Bo98.htm>

এশিয়া

মালয়েশিয়ার জন্য বায়ো ২০০৬ কার্য সম্পাদন

সম্প্রতি শেষ হওয়া বায়ো ২০০৬ ছিল মালয়েশিয়ার জন্য গুরুত্বপূর্ণ কারন, তিনটি আন্তর্জাতিক ফার্মাসিউটিক্যাল কোম্পানি মালয়েশিয়ার কাজকর্ম সম্পর্কে তীক্ষ্ণ নজর দেয়। আশা করা যায় এ তিনটি কোম্পানি ৬০০ মিলিয়ন মার্কিন ডলার দিবে। এ চুক্তির পূর্বে প্রায় ২০টি কোম্পানি যেমন চুক্তিগত উৎপাদনকারী, চুক্তিগত গবেষণা, ক্লিনিক্যাল ট্রায়ালস ভ্যাক্সিন, লিউট্রাসিউটিক্যালস, ভায়গনায়টিক্স বায়ো মেডিক্যাল যন্ত্রপাতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করেন। **বিস্তারিত**: Email: maha@bic.org.my

মালয়েশিয়ায় বায়োটেক অর্থের বিনিয়োগ

মালয়েশিয়ায় জৈবপ্রযুক্তি খাতে ২০০ মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হবে বলে আশা প্রকাশ করা হচ্ছে। নবম মালয়েশিয়া পরিকল্পনার সরকার ২৭ মিলিয়ন মার্কিন ডলার জৈবপ্রযুক্তি খাতে বিনিয়োগ করেছে। বিভিন্ন অর্থনৈতিক প্রতিষ্ঠান, সরকারী কোম্পানি, দেশীয় ও বৈদেশিক অর্থ বিনিয়োগকারী এ মূলধনকে আরও বর্ধিত করবে এবং এটাকে ভাল দেশীয় ও বৈদেশিক কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করবে। একজন সিনিয়র সরকারী কর্মকর্তা বলেন যে, মালয়েশিয়ার বায়োটেকের লক্ষ্যের ভিত্তিতে অর্থাৎসমাজসেবা, কৃষি জৈবপ্রযুক্তি ও শিল্পের ভিত্তিতে এ কোম্পানিকে বাছাই করা হবে। Malaysian Technology Development Corp (MTDC) এবং Murill & Co. এর যৌথ সহায়তায় প্রস্তাবগুলোকে মূল্যায়ন করা হবে। ২০০ মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে প্রায় ২০ টি কোম্পানিতে ১৪০ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে। বাকি অংশ Murill Life Science Capital & Fund এ বিনিয়োগ করা হবে। **বিস্তারিত**: Email: maha@bic.org.my

ইউরোপ

স্পেনিশ বিজ্ঞানীদের মতে সহ-অবস্থান সম্ভব

বিজ্ঞানী ও কৃষকেরা ঘোষণা করেছেন যে, জিএম, প্রচলিত এবং জৈবশস্যের মধ্যে সহ-অবস্থান সম্ভব। আর এ বিষয়ের ব্যাপারে গবেষণা উদ্যোগ নেয়া এবং উদ্দেশ্য অনুযায়ী নীতি প্রণয়নের জন্য সরকার আহ্বান জানিয়েছেন। General Association of Maize Producers (AGPME) সংবাদ সংস্থা, ইফিয়াগো এবং এনটামা ফাউন্ডেশন দ্বারা মাদ্রিদ এর পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ে মার্চ মাসের শেষের দিকে আয়োজিত সহ-অবস্থান নীতির এটাই ছিল ফলাফল। মিটিং এর কারন হিসেবে এতে ব্যাখ্যা করা হয়, যেহেতু জিএম বীজ ০.৫% এর উপর কৃষকেরা ব্যবহার করতে পারছেন এবং জিএম এর সাথে প্রচলিত শস্য তারা ব্যবহার করছে। **বিস্তারিত**: <http://www.fundacion-antama.org>

EU জিএম ফ্রেম ওয়ার্ক উন্নয়নের জন্য EC এর প্রস্তাব

স্বাস্থ্য ও খরিদার প্রতিরক্ষা কমিশনার Markos Kyprianov এবং পরিবেশ কমিশনার Stavros Dimas এর প্রস্তাবিত একটি এপ্রোচ জিএমওএর উপর সিদ্ধান্তের ব্যাপারে বৈজ্ঞানিক স্থিরতা ও সচ্ছলতা উন্নয়নের জন্য European Commission (EC) সহযোগিতা করেছেন। European Commission and World Trade Organization (WTO) এর যৌথ সম্মতিতে এ উন্নয়ন করা হবে। আড়ৎদার ও সাধারণ জনগণকে ইউরোপিয়ান কমিশন যে জিএমওএর ব্যাপারে উচ্চ গুনাগুন সম্পন্ন বৈজ্ঞানিক নিরূপনের মাধ্যমে সিদ্ধান্ত নেয়, সে ব্যাপারে পুনরায় আশ্বস্ত করা। উন্নয়নের এ তালিকাতে প্রস্তাবিত পরিবর্তনগুলো হল-

- ১। বৈজ্ঞানিক মূল্যায়ন পর্যায়ের সময় European Food Safety Authority (EFSA) ও জাতীয় বিজ্ঞানীদের মধ্যে অধিক সম্পর্ক স্থাপনের জন্য EFSA কে আমন্ত্রন
- ২। জিএমওএর ঝুঁকি নিরূপনে দীর্ঘস্থায়ী প্রভাব ও জৈববৈচিত্রের মধ্যে বিশদভাবে বর্ননার জন্য EFSA ও প্রয়োগকারীদের দরকার। এবং
- ৩। যদি কমিশন দেখেন যে, গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক প্রশ্ন সঠিকভাবে বর্ননা করা হয়নি, তবে সদস্য দেশ কর্তৃক পদ্ধতিতে সন্দেহ ও উল্লেখ করা।

বিস্তারিত: <http://www.europa.eu.int/rapid/pressReleasesAction.do?reference=IP/06/498&format=HTML&aged=0&language=EN&guiLanguage=en>

গবেষণা

উন্নয়নশীল দেশে কৃষি জৈবপ্রযুক্তি গ্রহন

উন্নয়নশীল দেশে জিএম প্রযুক্তি গ্রহন কিছু সংখ্যক খেলোয়াড় দ্বারা মাল্টিন্যাশনাল সমবায়ের সাথে জড়িত এবং বিজ্ঞানী, কৃষক, খরিদদার এবং পরিবেশগত এনজিও ইত্যাদি দ্বারা পরিচালিত হয়। এছাড়া International Property Rights (IRA) এবং জৈব নিরাপত্তার উপর জাতীয় ও আন্তর্জাতিক নিয়ম এবং জাতীয় ও বিশ্ববাজার দ্বারাও প্রভাবিত হয়। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের Sakiko Parr উন্নয়নশীল দেশে জিএম শস্য চালু করার কতগুলো নিয়ম খুঁজে বের করেছেন। তার “উন্নয়নশীল দেশে জিএম শস্য বিস্তারে সূচনাঃ বিশ্ব অভিনেতাবৃন্দ বাজার ও নিয়ম-কানুন” শিরোনামে বিশ্বায়ন ও প্রযুক্তিগত আন্তর্জাতিক জার্নালের দ্বিতীয় ইস্যুতে প্রকাশিত হয়। শস্য প্রজনন ও উন্নয়ন প্রচলিতভাবে পাবলিক খাতে পরিনত হওয়ায় বিগত দুই দশকে উন্নত দেশগুলোর ব্যক্তিমালিকানা খাত কৃষিতে অর্থবিনিয়োগ শক্তিশালী বাজার উদ্ভেজক, সরবরাহের জন্য কতগুলো প্রভাবক অবদান রেখেছে। এ প্রভাবকগুলো হল- মলিকুলার বায়োলজিতে বৈজ্ঞানিক সুবিধা, আইনগত পরিবর্তন, যুক্তরাষ্ট্রের বাজারে ভূট্টা, সয়াবিন, ক্যানোলা ও তুলার সহজলভ্যতা। বর্তমানে বায়োটেক শস্যের ৬৫% শিল্পোন্নত দেশগুলোতে চাষ করা হয়। যাহোক, বায়োটেক শস্য উৎপাদনে আর্জেন্টিনা দ্বিতীয় এবং ব্রাজিল, চীন ও ভারতে বর্তমান বায়োটেক শস্য দ্রুত বিস্তার লাভ করছে। প্রয়োজনের উপর ভিত্তি করে শস্য উন্নয়নের ক্ষেত্রে Fukuda Parr যুক্তি দেখান যে, “শুধু জাতীয় পাবলিক খাতের চেষ্টার উপর নির্ভর করা যায় না” | বিস্তারিত: http://www.inderscience.com/search/index.php?actionrecord&rec_id=9123&prevQuery=&ps=10&m

পূর্ব আফ্রিকাতে জৈব নিরাপত্তা নিয়ন্ত্রন পদ্ধতি অধীত

কেনিয়া, তানজানিয়া ও উগান্ডার কতগুলো এলাকায় জৈব নিরাপত্তা নিয়ন্ত্রন পদ্ধতিকে আরও কার্যকরী ও রক্ষাপ্রদ করা দরকার। আন্তর্জাতিক খাদ্যনীতি গবেষণা প্রতিষ্ঠানের Gregory Jaffe তার পূর্ব আফ্রিকাতে জাতীয় জৈব নিরাপত্তা নিয়ন্ত্রন পদ্ধতির তুলনামূলক বিশ্লেষণ শিরোনামের পত্রিকায় বলেন যে, এসব এলাকার অন্তর্ভুক্তিগুলো হল-

- ১। জিএমওএর খাদ্য নিরাপত্তা নিশ্চিত হওয়ার জন্য পদ্ধতি গ্রহন
- ২। অনুমোদিত সিদ্ধান্তের জন্য আদর্শ ও সংকটাপন্নের অন্তর্ভুক্তিকরন।
- ৩। অর্গানিজমের আপেক্ষিক ঝুঁকির উপর নিয়ন্ত্রন পদ্ধতির পার্থক্যকরন।
- ৪। কিভাবে আর্থ-সামাজিক বিবেচনা নির্দিষ্ট ও নিরূপন করা যাবে তার ব্যাখ্যা।

তিনটি দেশের চলতি ও প্রস্তাবিত জৈব নিরাপত্তা পদ্ধতি বিশ্লেষণ ছাড়াও তিনটি দেশ তাদের জাতীয় নিরাপত্তা পদ্ধতি কিভাবে একত্রিত ও ঐক্যতানিক করতে পারে, যাতে করে, এ দেশগুলো তাদের স্বল্প বৈজ্ঞানিক ও আইনগত ক্ষমতা কার্যকর, দক্ষ ও উপযুক্তভাবে ব্যবহার করতে পারে, সে ব্যাপারে আলোচনা করেন। বিস্তারিত: <http://www.ifpri.org/divs/eptd/dp/eptdp146.asp>

বিজ্ঞাপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির জন্য প্রকল্প আহবান

বারকিনা ফ্যাশো, ক্যামেরুন, মরক্কো, সেনেগাল, চাদ ও ইয়েমেনে বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির জন্য ফেঞ্চ গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান French Institute for Research and Development (IRD) প্রকল্পের অর্থ যোগান দেবে। এ প্রকল্পের লক্ষ্য হবে বৈজ্ঞানিক যোগাযোগের অগ্রগতি, জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি নেটওয়ার্কের প্রতিষ্ঠাকরন, পেশাদারদের যোগ্য নিয়ন্ত্রিত ও শক্তিশালীকরন, বিজ্ঞান ও প্রযুক্তির হোতাদের নীতি প্রয়োগকারীদের অবহিত করন, এনজিও, বিজ্ঞান সংঘ, বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়, জনসাধারণের ও ব্যক্তিমালিকানাধীন গবেষণা প্রতিষ্ঠান ও সদস্যদের দরখাস্তের জন্য আহবান জানানো হয়। এর পুরষ্কার হবে ৫০০০ এবং ১৫,০০০ ইউরো মধ্যে। বিস্তারিত: <http://www.latitudesciences.ird.fr/pcst/appeal.htm>

ইকুয়েডোরের জন্য জৈবপ্রযুক্তি কর্মশালা

ইকুয়েডোরে জৈবপ্রযুক্তিঃ বর্তমান অবস্থা ও ভবিষ্যত সম্ভাবনা এর উপর কর্মশালা এপ্রিলের ২৬-২৮ তারিখে কুইটোতে অনুষ্ঠিত হবে। এটি Ecuador Branch of the Network for Technical Cooperation in Agricultural Biotechnology for Latin America and the Caribbean (REDBIO) ও FAO এর যৌথ সহায়তায় আয়োজিত হবে। এ কর্মশালার মূললক্ষ্য হল জৈবপ্রযুক্তির নিরাপদ ব্যবহারের জন্য বিভিন্ন জাতীয় সংস্থা ও প্রতিষ্ঠানের মধ্যে জ্ঞান ও তথ্যের বিনিময়ের মাধ্যমে ইকুয়েডোরের জৈবপ্রযুক্তির উন্নয়ন ত্বরান্বিত করা। এছাড়া জৈবপ্রযুক্তি গবেষণা প্রকল্প, প্রায়োগিক নবপ্রযুক্তি গ্রহন ও দেশের উদ্যোগীদের ক্যাপাসিটি গঠন ত্বরান্বিত করা।

বিস্তারিত: <http://www.redbio.org/newsredbio.asp?id=271%20>

অনলাইনে NCBP ওয়েবসাইট চালু

National Committee on Biosafety of the Philippines (NCBP) সম্প্রতি নতুন ওয়েবসাইট চালু করেছে। ফিলিপিনে জৈব নিরাপত্তা নিয়ন্ত্রন অনুমোদিত প্রয়োগ এবং কমিটি কার্যক্রম সম্পর্কে বিভিন্ন তথ্য জনসাধারণের কাছে পৌঁছানোই হল এর মূল লক্ষ্য। এ অনলাইনের মাধ্যমে প্রস্তাব উপস্থাপন, অনুমোদিত প্রয়োগ ও পরিকল্পনাকৃত ডাটা এবং জাতীয় নিরাপত্তা গাইডলাইন ও নীতি সম্পর্কে তথ্য পাওয়া যায়। গাইডলাইন ও নিয়ন্ত্রনের নিয়মকানুন তৈরী ও নিয়ন্ত্রন এবং ফিলিপিনে আধুনিক জৈবপ্রযুক্তি গবেষণা প্রদর্শনে NCBP আদেশ দেয়। ইহার নতুন ওয়েবসাইট Department of Science and Technology (DOST) এবং SEARCA Biotechnology Information Center and Program on Biosafety Systems (Southeast Asia) এর যৌথ সহায়তায় হয়। এর কর্মসূচী হল- “জৈব নিরাপত্তার উপর ফিলিপাইনের জাতীয় কমিটির ওয়েবসাইটভিত্তিক যোগাযোগ বৃদ্ধি করা”। বিস্তারিত: <http://www.bic.searca.org> or <http://www.ncbp.dost.gov.ph>

স্মারক বস্তুর দলিল

MABIC সংবাদবাহী পত্র বের করেছে

মালোয়েশিয়া জৈবপ্রযুক্তি তথ্যকেন্দ্র সম্প্রতি BIC Alert বের করেছে। এটি একটি সংবাদবাহী মাসিক পত্রিকা যাতে মালোয়েশিয়ার জৈবপ্রযুক্তির নিত্য নতুন বিভিন্ন তথ্য থাকে। বিস্তারিত: <http://www.bic.org.my/BICAlert/index.html>

জার্নালে বিশেষ জিএম ইস্যু

বিশ্বায়ন ও প্রযুক্তিগত আন্তর্জাতিক জার্নাল সম্প্রতি “উন্নয়নশীল দেশে জিএম শস্য- প্রাতিষ্ঠানিক ও পলিসি চ্যালেঞ্জ” এর বিশেষ জিএম ইস্যু বের করেছে। এতে Intellectual Property Protection (IPP), আমেরিকায় অভিজ্ঞতায় জিএমও ইউরোপীয় ইউনিয়ন কর্তৃক সাবধানমূলক পদক্ষেপ এবং এশিয়ার জৈব নিয়ন্ত্রন ইত্যাদি সংযোজন করা হয়েছে।

বিস্তারিত: <http://www.inderscience.com/browse/index.php?journalID=104&year=2006&vol=2&issue=1/2>

IFPRI কর্তৃক গবেষণার সংক্ষিপ্ত বিবরণী প্রকাশ

Regina Birner ও তার সহকর্মীর দ্বারা আন্তর্জাতিক খাদ্যনীতি গবেষণা প্রতিষ্ঠান- International Food Policy Research Institute (IFPRI) সম্প্রতি “ভাল অভ্যাস থেকে ভাল উপযুক্তঃ পরিকল্পনা ও গবেষণার বহুজাতিক কৃষি উপদেষ্টা সার্ভিসের জন্য ফ্রেমওয়ার্ক” প্রকাশ করেছেন। এতে কৃষিতে উপদেষ্টা সার্ভিসের ভূমিকা এবং বিভাবে তাদেরকে কার্যকর ও স্থায়ী করা যায় সে ব্যাপারে আলোচনা করা হয়েছে। বিস্তারিত: <http://www.ifpri.org/pubs/ib/rb04.pdf>

ISAAA (International Service for the Acquisition of Agri-biotech Applications)

www.isaaa.org
BanglaCenter, c/o CIMMYT BD, Hse18, Rd4, Sec4, Uttara, Dhaka1230, Bangladesh • Phone +88028916929 ext. 122 • Fax ext. 115 • k.nasiruddin@isaaa.org
SEAsiaCenter, c/o IIRRI, DAPOBox 7777, Metro Manila, Philippines • Ph +63-2-580-5600 • Fax 580-5600 • Telfax 49-536-7216 • R.Hautea@isaaa.org
AmeriCenter, 417 Bradfield Hall, Cornell University, Ithaca, NY 14853, USA • Phone +1-607-255 1724 • Fax 255 1215 • AmeriCenter@isaaa.org
AfriCenter, CIP/ILRI, PO Box 25171, Nairobi, Kenya • Phone +254-20-630 743 ext. 3261 • Fax 630-005/631-599 • S.Wakhusama@cgiar.org

www.bdbic.org: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য ওয়েব

www.isaaa.org: ISAAA সম্পর্কে সকল তথ্য, Crop Biotech Update: বায়োটেক ফসলের বিশ্ব পরিস্থিতির ওয়েব

www.agbios.com: কৃষি বায়োটেকনোলজির ওয়েব, নিউজলেটারে বাংলাদেশের জন্য পৃথক সেকশন রয়েছে

bdbic@googlegroups.com: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য গ্রুপ মেইল

info@isaaa.org: ISAAA যেকোন তথ্য বা প্রকাশনার জন্য